

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স - ১১২৬

আগরতলা, ১৪ আগস্ট, ২০১৯

দিল্লি-আগরতলা সরাসরি বিমান সার্ভিস চালু
ত্রিপুরার যোগাযোগ ব্যবস্থার উন্নয়নের জন্য রাজ্য ও কেন্দ্রীয় সরকার
সমানভাবে কাজ করে চলেছে : মুখ্যমন্ত্রী

স্বাধীনতা দিবসের প্রাক্কালে রাজ্যবাসীকে নতুন প্রাপ্তি দিয়ে আজ থেকে আগরতলা দিল্লি সরাসরি বিমান পরিষেবা চালু হয়েছে। ইন্ডিগোর এই বিমানটি প্রতিদিন বিকেল ৩টা ৫০ মিনিটে আগরতলা থেকে দিল্লির উদ্দেশ্যে রওনা দেবে। প্রথমদিনে আজ ইন্ডিগোর ফ্লাইট নং ৬ই-২৪০৭ নম্বর বিমানটি ১৫২জন যাত্রী নিয়ে দিল্লির উদ্দেশ্যে রওনা দেয়।

এম বি বি এয়ারপোর্টে আয়োজিত এক অনুষ্ঠানে পতাকা নেড়ে এই বিমান পরিষেবার সূচনা করে মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব বলেন, আজকের দিনটি রাজ্যবাসীর কাছে স্মরণীয় হয়ে থাকবে। এই প্রথমবারের মত আগরতলা থেকে দিল্লি সরাসরি বিমান পরিষেবা চালু হয়েছে। আগে দিল্লি থেকে আগরতলায় আসতে হলে ভায়া কোলকাতা অথবা গৌহাটি হয়ে আসতে হতো। যা সময়ের ব্যাপার ছিল। সেদিক দিয়ে রাজ্যে বিমান পরিষেবার ক্ষেত্রে আজকের দিনটি খুবই উল্লেখযোগ্য। তিনি বলেন, উত্তর-পূর্বাঞ্চলে গৌহাটির পরে আগরতলাতেই একমাত্র প্রতিদিন ১৫টি বিমান যাতায়াত করে। আগরতলা-দিল্লি সরাসরি এই বিমান পরিষেবা চালু হওয়ার ফলে রাজ্যের ছাত্র-ছাত্রী থেকে শুরু করে ব্যবসায়ী, উদ্যোগপতি সহ সকল স্তরের জনগণ উপকৃত হবেন। পাশাপাশি রাজ্যে পর্যটক আগমনের সংখ্যা বৃদ্ধি পাবে। মুখ্যমন্ত্রী শ্রী দেব বলেন, এই অঞ্চলের অন্যান্য রাজ্যগুলির ন্যায় ত্রিপুরাকে রেলপথ, বিমানপথ, সড়কপথে যোগাযোগ ব্যবস্থার উন্নতির জন্য রাজ্য ও কেন্দ্রীয় সরকার সমানভাবে কাজ করে চলেছে। এই কর্মসূচিতে আগামী চার বছরে রাজ্যের হাইওয়ের উন্নয়নের জন্য ৮ হাজার কোটি টাকা ব্যয় করা হবে। এতে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির পাশাপাশি রাজ্যের জিডিপি বাড়বে। এছাড়া গোমতী নদীপথে জলপরিবহনের উদ্যোগ নেওয়া হয়েছে। তিনি রাজ্যকে মডেল রাজ্য হিসেবে গড়ে তোলার জন্য সরকারের পাশাপাশি সংশ্লিষ্ট সকলকে সমানভাবে এগিয়ে আসার আহ্বান জানান।

অনুষ্ঠানে সাংসদ প্রতিমা ভৌমিক, সাংসদ রেবতী মোহন ত্রিপুরা, বিধায়ক ডা. দিলীপ দাস, এয়ারপোর্ট অথরিটি অব ইন্ডিয়ার উত্তর-পূর্বাঞ্চলের আঞ্চলিক অধিকর্তা সঞ্জীব জিন্দাল, ইন্ডিগোর ভাইস প্রেসিডেন্ট বিজয় মাট্টা ও এম বি বি এয়ারপোর্টের অধিকর্তা ভি কে শেঠ উপস্থিত ছিলেন।

-:২:-

অনুষ্ঠানে সাংসদ প্রতিমা ভৌমিক বলেন, স্বাধীনতা দিবসের প্রাক্কালে আজকের এই দিনটি সকলের কাছে স্মরণীয়। রাজ্যে নতুন সরকার প্রতিষ্ঠিত হওয়ার পর আগরতলা বিমান বন্দরের নাম পরিবর্তন করে মহারাজা বীরবিক্রম নামে নামাঙ্কিত করা থেকে শুরু করে এর আধুনিকীকরণ করার নানা পদক্ষেপ নেওয়া হচ্ছে। তিনি সরাসরি এই বিমান পরিষেবা চালুর জন্য প্রধানমন্ত্রী ও মুখ্যমন্ত্রীকে আন্তরিক অভিনন্দন জানান। তিনি জানান, আগামী ২০২০ সালের মধ্যে এম বি বি বিমানবন্দর আন্তর্জাতিক বিমানবন্দর হিসেবে কাজ শুরু করবে। অনুষ্ঠানে সাংসদ রেবতী মোহন ত্রিপুরা বলেন, আগরতলা থেকে দিল্লি সরাসরি বিমান পরিষেবার জন্য রাজ্যবাসীর দীর্ঘদিনের দাবি আজ বাস্তবায়িত হল। এজন্য তিনি মুখ্যমন্ত্রী সহ সংশ্লিষ্ট সকলকে অভিনন্দন জানান।

অনুষ্ঠানে বিধায়ক দিলীপ দাস সহ উপস্থিত অন্যান্য অতিথিগণ বক্তব্য রাখেন। অনুষ্ঠানে আজ আগরতলা-দিল্লি সরাসরি বিমান যাত্রার প্রথম যাত্রী এস কট্টর সিংকে মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব স্মারক উপহার তুলে দেন।
